



Embassy of the People's Republic
of Bangladesh
Athens



বাংলাদেশ ও গ্রীসের মধ্যে অভিবাসন বিষয়ে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী গ্রীসে
বসবাসরত অনিয়মিত বাংলাদেশীদের নিয়মিতকরণ বিষয়ে

বিশেষ সতর্কতামূলক বিজ্ঞপ্তি-২৮ (সংশোধিত)

বাংলাদেশ ও গ্রীসের মধ্যে অভিবাসন বিষয়ে স্বাক্ষরিত সমঝোতা স্মারক ও গ্রীক সরকারের আইন নং-৪৯৫৯/২০২২ (A 144) ও ডিসিসন নং-৭১৬৬৫৯; ২৯/১১/২০২২ইং (B 6271) অনুযায়ী পাঁচ বছর মেয়াদী গ্রীসের রেসিডেন্ট পারমিটের জন্য আবেদনের মাধ্যমে যারা ইতোমধ্যে “সাদা বেবুচি” বা “পাঁচ বছর মেয়াদী স্মার্ট কার্ড” (White Bebuchi বা Smart Card) পেয়েছেন, তারা গ্রীস থেকে অন্য দেশে বা বাংলাদেশে ভ্রমণের উদ্দেশ্যে যাত্রার পূর্বে গ্রীস পুলিশ ও গ্রীসের ইমিগ্রিশন কর্তৃপক্ষের (Greek Police, Directorate of Foreigners, Return Support and Immigration Authority) নিকট হতে **সার্টিফিকেট বা ইনফরমেশন স্লিপ নিতে হবে যে, তার গ্রীসে পুনঃপ্রবেশে নিষেধাজ্ঞা বা বাঁধা নাই।**

০২। সম্প্রতি জানা গেছে যে, যে সকল বাংলাদেশী নাগরিক পূর্বে গ্রীসে বসবাস এর জন্য গ্রীস সরকারের নিকট আশ্রয় চেয়ে (asylum) বা অন্য কোন পদ্ধতিতে আবেদন করেছিলেন, তাদের আবেদন বাতিল বা নামঞ্জুর হয়েছে, এছাড়া গ্রীস পুলিশ কর্তৃক আটক ও ডিটেনশন সেন্টারে বন্দী ছিলেন, ফলশ্রুতিতে স্বেচ্ছায় গ্রীস ত্যাগের আদেশ হয়েছে (voluntary return Exit Order), এমন অনেকের স্বেচ্ছায় গ্রীস ত্যাগের আদেশ ও গ্রীস প্রবেশে নিষেধাজ্ঞা এর পূর্বের আদেশটি এখনো গ্রীস পুলিশ বা গ্রীসের ইমিগ্রিশন কর্তৃপক্ষের অনলাইন সিস্টেমে বহাল রয়েছে। যার ফলে তারা গ্রীস থেকে অন্য দেশে বা বাংলাদেশে ভ্রমণের উদ্দেশ্যে গিয়ে গ্রীসে ফিরে আসার পথে গ্রীস পুলিশ ও গ্রীসের ইমিগ্রিশন কর্তৃপক্ষ এর বাঁধার সম্মুখীন হচ্ছেন। যাদের বিরুদ্ধে এই ধরনের সমস্যা রয়েছে, এই সমস্যা সমাধানের জন্য একজন অভিবাসন বিষয়ক দক্ষ আইনজীবির সহযোগীতায় প্রয়োজনীয় রেকর্ডপত্রসহ গ্রীস পুলিশ বা গ্রীসের ইমিগ্রিশন কর্তৃপক্ষের (Greek Police, Directorate of Foreigners, Return Support and Immigration Authority) নিকট আবেদন করতে হবে, স্বেচ্ছায় গ্রীস ত্যাগের পূর্বের আদেশ ও গ্রীস প্রবেশে নিষেধাজ্ঞা এর পূর্বের আদেশটি বাতিল করার জন্য।

০৩। গ্রীস প্রবাসী বাংলাদেশীদের এই মর্মে সতর্ক করা যাচ্ছে যে, “সাদা বেবুচি” বা “পাঁচ বছর মেয়াদী স্মার্ট কার্ড” নিয়ে গ্রীস থেকে অন্য দেশে বা বাংলাদেশে ভ্রমণের উদ্দেশ্যে যাত্রার পূর্বে, প্রয়োজনীয় রেকর্ডপত্র যাচাইপূর্বক গ্রীসে পুনঃপ্রবেশে নিষেধাজ্ঞা বা বাঁধা নাই বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য।



এথেন্স, ২০ নভেম্বর, ২০২৩

119, Marathonodromon Street, 154 52 Palaio Psychiko, Athens, Greece

Tel.: +30 210 6720 250, Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd, www.bdembassy.gr



Embassy of the People's Republic
of Bangladesh
Athens



বাংলাদেশ ও গ্রীসের মধ্যে অভিবাসন বিষয়ে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী
গ্রীসে বসবাসরত অনিয়মিত বাংলাদেশীদের নিয়মিতকরণ বিষয়ে

বিশেষ বিজ্ঞপ্তি-২৭

বাংলাদেশ ও গ্রীসের মধ্যে অভিবাসন বিষয়ে স্বাক্ষরিত সমঝোতা স্মারক ও গ্রীক সরকারের আইন নং-৪৯৫৯/২০২২ (A 144) ও ডিসিসন নং-৭১৬৬৫৯; ২৯/১১/২০২২ইং (B 6271) অনুযায়ী যে সকল গ্রীস প্রবাসী বাংলাদেশীরা গ্রীস সরকারের অনলাইন প্ল্যাটফর্ম (<https://portal.immigration.gov.gr/electronic-applications>)-এ পাঁচ বছর মেয়াদী গ্রীস রেসিডেন্ট পারমিট-এর জন্য আবেদনের উদ্দেশ্যে দূতাবাসে নাম নিবন্ধন করে পাসপোর্টের কপি সত্যায়ন (Attestation) করে নিয়েছেন তাদের মধ্যে যাদের **সত্যায়ন (Attestation) নম্বর 00001 হতে 10730** (তারিখঃ ১৩/১১/২০২৩ ইং) পর্যন্ত তারা এখন হতে গ্রীস সরকারের ঘোষিত পুনঃনির্ধারিত সময় **৩০ নভেম্বর ২০২৩ ইং** তারিখের মধ্যে অনলাইন প্ল্যাটফর্মে আবেদন করতে পারবেন।

০২। উক্ত রেসিডেন্ট পারমিট-এর জন্য বাংলাদেশ দূতাবাস, এথেন্স-এ নাম নিবন্ধন করে পাসপোর্টের কপি সত্যায়ন (Attestation) করার সর্বশেষ তারিখ **২০ নভেম্বর ২০২৩ ইং**।

০৩। ইতোমধ্যে যারা দূতাবাসে নাম নিবন্ধন করেছেন, তাদেরকে বিলম্ব না করে অতিদ্রুত একজন অভিবাসন বিষয়ক দক্ষ আইনজীবির সহযোগীতায় সঠিকভাবে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, যাদের পাসপোর্টের মেয়াদ আবেদনের দিন পর্যন্ত দুই বছরের কম থাকবে, তারা পাঁচ বছর মেয়াদী গ্রীসের রেসিডেন্ট পারমিট গ্রহণের আবেদন করতে পারবেন না। তাই তাদেরকে দ্রুত পাসপোর্ট নবায়ন করে দূতাবাসে নিবন্ধন করা জন্য অনুরোধ করা হলো।

০৪। গ্রীস প্রবাসী বাংলাদেশীদের এই মর্মে সতর্ক করা হচ্ছে যে, আবেদনের সাথে কোন ধরনের জাল-জালিয়াতির মাধ্যমে সৃজিত ভুয়া রেকর্ডপত্র বা ডকুমেন্টস অনলাইনে বা অফলাইনে দাখিল করলে গ্রীস সরকারের অভিবাসন বিষয়ক মন্ত্রণালয়ের ২৫/০৯/২০২৩ইং তারিখের ৪৩৪৪৭৬ নং আদেশমূলে তাদের বিরুদ্ধে গ্রীস সরকার আইনগত ব্যবস্থা হিসাবে রেসিডেন্ট পারমিট এর আবেদন বাতিলসহ তাকে পাঁচ বছরের জন্য গ্রীসে বসবাস ও রেসিডেন্ট পারমিট এর পুনরায় আবেদনে নিষেধাজ্ঞা প্রদান করবে ও অবৈধভাবে গ্রীসে বসবাস ও জাল-জালিয়াতির কারণে প্রয়োজনে জোরপূর্বক নিজ দেশে ফেরত পাঠানোর ব্যবস্থাও গ্রহণ করতে পারে।

এ বিষয়ে প্রবাসীদের সর্বাঙ্গিক সহযোগীতা কাম্য।



এথেন্স, ১৪ নভেম্বর, ২০২৩

119, Marathonodromon Street, 154 52 Palaio Psychiko, Athens, Greece

Tel.: +30 210 6720 250, Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd, www.bdembassy.gr